1

REVISED
Edition - 1

Color CODED
(In Future will be Coded in Details)

With Audio Mp3

ذَٰلِكَ الْكِتَابُ لَا رَيْبَ فِيهِ هُدًى لِّلْمُتَّقِينَ

“ এ সেই কিতাব যাতে কোনই সন্দেহ নেই।
পথ প্রদর্শনকারী পরহেযগারদের জন্য ”

“ This is the Book about which there is no doubt,
a guidance for those conscious of Allah ”

2 : 2



Recitation (তিলাওয়াত) By World -Famous Egyptian QARI
“ Sheikh Abdul Basit 'Abd us-Samad ”

Benefits & Features

- এই শব্দার্থে কুর'আন এর বিশেষ বৈশিষ্ট্য প্রতিটা শব্দের **Parts Of Speech / Syntax & Morphology** উল্লেখ করা হয়েছে যা প্রতিটা শব্দের গঠন ও রূপ সহজে প্রকাশ করবে এবং প্রতিটা শব্দের অর্থ সম্পর্কে সঠিক ভাবে উপলব্ধি করা যাবে । এক্ষেত্রে Font গুলো Collection করা হয়েছে **Arabic Quranic Language** এর উপর গবেষণালব্ধ **University Of Leeds Research Centre Of England** এর **Corpus-Quran** এর Website থেকে । ফলে আমাদের কুরআন শিক্ষার মান সর্বদা **International – Standard / Up-to-date** পর্যায়ে থাকবে ।

- **With Grammatical Analysis** - শব্দার্থে আল-কুর'আন শেষ করলে আমরা **70 %** তাফসীরের কাছাকাছি চলে আসব । পরবর্তীতে প্রতিটা শব্দের সাথে যখন আরও কিছু বিস্তারিত তথ্য ও আয়াতের সাথে সম্পর্কিত সহীহ হাদিস যোগ করা হবে তখন আমরা আরও সামনের দিকে এগিয়ে যাব । এছাড়া আমরা বুঝতে পারবো কুর'আনে কত উচ্চমানের ভাষা সাহিত্য , ব্যাকরণিক সৌন্দর্য এবং সুগভীর অর্থ লুকিয়ে আছে ।

- আমরা বাংলা অনুবাদ হয়তো প্রতিদিন পড়ি , কিন্তু কোন শব্দের অর্থ না বুঝে পড়ি যে কারণে ইমাম যখন নামায শুরু করেন কোন সুরা দিয়ে আমরা তাঁর পাঠ করা তিলাওয়াত এর কিছু অর্থ হইত ধরতে পারি কারন যখন আমরা বাংলা অনুবাদ পড়েছিলাম কোন শব্দ না বুঝে পড়েছিলাম । কিন্তু আমরা যদি শব্দের অর্থ বুঝে পড়তাম খুব সহজেই মনে পড়বে এই শব্দের এই অর্থ , ওই শব্দের অর্থ এটা , তখন আপনার নামজের স্তর / Quality / মান অনেক উপরে উঠতে থাকবে / আগের থেকে সওয়াব কয়েক গুন বেড়ে যাবে । এটা পরীক্ষিত আপনি সহজে অর্থ আর ভুলবেন না । এবং নামাজে মানসিক প্রশান্তি পেতে থাকবেন ।

- কুর'আনের শব্দার্থ জানার আগ্রহ হয়তো অনেকের আছে কিন্তু সঠিক নির্দেশনা না পাওয়ার জন্য আমরা পিছিয়ে যাই , আর আমাদের দেশে শব্দার্থে কুর'আন নাই বললেই চলে , আর থাকলেও সব শব্দের অর্থ থাকে না । আমরা যেসব বাংলা অনুবাদ পড়ি বেশীর ভাগী ভাবার্থে, যে কারণে শব্দের অর্থ খুঁজতে গেলে আমরা পাইনা , এজন্য শব্দার্থে কুর'আন অনুবাদের মাধ্যমে আমরা প্রতিটা শব্দের অর্থ মিলিয়ে পড়তে পারবো। আর কুর'আনের প্রতিটা শব্দ সম্পর্কে যখন সুস্পষ্ট ধারনা হয়ে যাবে **With Grammtical Analysis** , তখন আপনি নিজেই আয়াতের অনুবাদ করতে পারবেন ।

- শব্দার্থে আল-কুরআন একটি **Dictionary** এর মত **Support** দিবে এবং যে কাউকে খুব সহজে বোঝানো যাবে , তবে পরবর্তীতে একটি শব্দের আর ও **3 / 4** টি রূপ আমরা শিখবো যেমন **যবর , যের , পেশ** ইত্যাদি পরিবর্তনের কারণে অথবা **Root Word** এর পূর্বে / পরে **Additional – Arabic Letter** যুক্ত হয়ে কুর'আনের একই শব্দ যেটা কখনো **Singular / Plural / Noun / Present / Past / Future** এভাবে বিভিন্ন রূপে অর্থ সহ পরিবর্তন হচ্ছে । যা শেখার ফলে আমাদের **Vocabulary** / শব্দ-জ্ঞান বাড়বে ।

- শব্দার্থে আল-কুর'আনের সবকিছু যখন একটি **PDF - File** এ গোছানো থাকবে , তখন আমাদের আবার কষ্ট করে **Dictionary** খুঁজে বের করা অথবা বিভিন্ন জায়গায় ছুটাছুটি করা প্রয়োজন হবেনা । তবে সঠিক অর্থ আপনি পড়ছেন কিনা সেটা যাচাই করতে অবশ্যই আপনি **Study** করতে পারেন ।

- **Font Quality , Presentition** সবকিছুর দিকে লক্ষ্য রাখা হয়েছে , ফলে কুর'আন একেবারেই যারা পড়েনা অলসতা করে, তারাও কিছুটা আগ্রহ নিয়ে হলেও **Slide** গুলো দেখবে এবং কুর'আনের প্রতি **interest** বাড়বে এবং কুর'আন যে সহজ সেটা উপলব্ধি করবে ।

- প্রতিদিন 10 / 15 /20 মিনিট সময় দিলেও আমরা বার বার সুরা গুলো **Revise** করতে পারবো । আমরা অনেকে অবসর সময়ে অফিসে অথবা বাসায় বসে থাকি , এই সময়ে আমরা খুব সহজে সুরা গুলো বার বার **study** করতে পরবো । এর জন্য একটা **Flash / Pen-drive** নিজের কাছে রাখতে পারি যেটা **Only Islamic Purspose Use** এর জন্য অথবা সরাসরি **Online** -এ পড়তে পারি ।



With Audio Mp3

Now ALL in One PDF File

1) **Word for Word Qur'an** (শব্দার্থে কুর'আন) – English & Bengali

2) **Translation** (অনুবাদ) – English & Bengali [প্রতিটা শব্দের অর্থকে ধরে রেখে অনুবাদ]

3) **Transliteration** (উচ্চারণ) – English

[বাংলা উচ্চারণ এই মুহূর্তে দেওয়া হল না, কারণ বাংলা উচ্চারণের মাধ্যমে কুর'আনের মূল আরবী এর সঠিক উচ্চারণ বিশুদ্ধভাবে করা বেশ জটিল – এর ফলে কুর'আনের মূল আরবী উচ্চারণের বিকৃতি ঘটার যথেষ্ট সম্ভাবনা আছে , তবে ভবিষ্যতে এটা সংযোজন করা হবে , একেবারেই যারা আরবী পড়তে পারেনা অন্তত তাদের কথা চিন্তা করে – ইনশাআল্লাহ্]

4) **Syntax & Morphology** (শব্দ-গঠন ও গঠন রূপ)

[সবচেয়ে গুরুত্বপূর্ণ যেটি বিশেষ করে কুর'আনের উপর যারা উচ্চ পর্যায়ের জ্ঞান অর্জন করতে চায় , চিন্তা গবেষনার দৃষ্টিতে অর্থ্যাৎ শুধু প্রতিটা আয়াত নয় , বরং প্রতিটা শব্দের ভিতরের লুকায়িত গভীর অর্থকে চিন্তা করে বুঝে পড়তে চায় তাদের জন্য বিশেষ ভাবে কাজে লাগবে –এছাড়া ও সকলে প্রতিটা শব্দের গঠন রূপ, ব্যাকরণ সহজে বুঝতে পারবে]

5) **Listen Audio & Correct your Recitation : (World-Famous Qari – Abdul Basit Abdul Samad)**

[প্রতিটা আয়াত এর উচ্চারণ দেওয়া হলো – ফলে যতটা সম্ভব প্রতিটা আয়াতের উচ্চারণ মনোযোগ দিয়ে শুনে ভুলত্রুটি দূর করা , যতক্ষণ শুদ্ধ না হয় , প্রয়োজনে 100 বার হলেও আমরা বার বার শুনবো] একটি কথা উল্লেখ্য , File গুলি আমরা একটু ধৈর্য নিয়ে Download করবো । কারণ Audio Mp3 দেয়ার ফলে File size কিছুটা বড় হবে ।]

……*আল-কুর'আন* সঠিক ভাবে বুঝে পড়া / শিক্ষার ক্ষেত্রে আমরা কে কোন অবস্থানে আছি ।
আমাদের জানা ও বোঝার অবস্থান কে যদি ১০০ ভাগে ভাগ করি
তাহলে গুরুত্বটা অনুধাবন করতে পারবো ……

Danger Stage : (0 %) > নিজেদের মুসলিম বলে দাবী করার পর এবং এই তথ্য প্রযুক্তির যুগে জানার এত সুযোগ থাকা সত্ত্বেও শুধু মাত্র নিজেদের প্রচেষ্টা / অলসতা / দুনিয়ার কর্ম ব্যস্ততার অযুহাতে এর কারণে এখনও যারা আমরা কুর'আন / আরবী পড়তে জানিনা তাদের অবস্থান এখনও 0 % এ । বলা যায় **Out Of Stage / Danger Level…**

রাসূল (সাঃ) বলেন — " *যাহার বুকে কুর'আনের কিছুই নাই সে যেন ধ্বংস হওয়া ঘরের ন্যায় ।* "

Stage 1: (5 %) > যখন আমরা *আরবী পড়তে পারব* সঠিক উচ্চারণ, মাখরাজ ঠিক রেখে তখন আমরা 5% এগিয়ে যাব ।

Stage 2 : (20 %) > যখন দেখে দেখে কুর'আন পড়তে পারব অর্থ্যাৎ *কুর'আন খতম / তিলাওয়াত* করতে পারব ।

Stage 3 : (40%) > *বাংলা অনুবাদ সহ* যখন কুর'আন পড়তে পারবো + *শুদ্ধভাবে তিলাওয়াত* ও করতে পারবো ।

Stage 4 : (70 %) > *কুর'আন তিলাওয়াত* + *বাংলা অনুবাদ* + *কুর'আনের প্রতিটা শব্দের অর্থ* with grammatical analysis বুঝে পড়া গবেষণার দৃষ্টিতে অর্থ্যাৎ শব্দার্থে আল-কুর'আন ।

Stage 5 : (80 %) > *উপরের সবগুলি অর্জন + সহীহ হাদিস এবং বিভিন্ন তাফসীর সহ আরও বিস্তারিত বুঝে পড়া ।*

Stage 6 : (90 %) > *যখন কুর'আন সম্পূর্ণ আমাদের মুখস্থ থাকবে ।* তবে এ ক্ষেত্রে আমরা একটু ভাগ করে নিতে পারি । প্রথমে ৩০ তম পারা আমরা মুখস্ত করবো [সূরা ৭৮ (নাবা) থেকে ১১৪ (নাস) পর্যন্ত] কারণ এই সূরা সমূহ আমরা নামাযে সবচেয়ে বেশী পড়ে থাকি এবং প্রাথমিকভাবে শিক্ষা দেওয়া হয় ।

Stage 7: (10 %) > আর এই বাকি ১০% কখনো পূর্ণ হবার নয় । কারণ কুর'আন হচ্ছে *জ্ঞানের সমুদ্র* / ***Ocean Of Knowledge*** যে যত বেশী চিন্তা গবেষণা করবে তত বেশী জানতে থাকবে

*[উপরের stage / ধাপ গুলি দেখলে আমরা বুঝতে পারছি আমাদের কার কি পরিমাণ অসম্পূর্ণতা আছে , তবে আমাদের বেশীর ভাগেরই অবস্থান **Stage 2 / Stage 3** পর্যন্ত । অর্থ্যাৎ কুর'আন তিলাওয়াত / খতম পর্যন্ত। তবে শব্দার্থে আল-কুর'আন যেহেতু আমরা শুরু করেছি , সুতরাং ইনশাআল্লাহ্ আল্লাহ্ রাব্বুল আলামীন আমাদের আরও উপরের স্তরে নিয়ে যেতে ও জানার সাথে সাথে আমলে পরিণত করায় সাহায্য করবেন । - আমীন]*

How Many Ayats in "Al-Qur'an" ?

(আল-কুর'আনের আয়াত সংখ্যা কত ?)

(সুরা শুরুর আগে একটি Misconception দূর করে আমরা সুরা শুরু করবো)

বিশেষ করে আমাদের উপমহাদেশে (বাংলাদেশ , ভারত, পাকিস্তান) অনেকের মধ্যে একটা ভুল ধারনা আছে অর্থ্যাৎ কুরআনের আয়াত সংখ্যা যদি কাউকে জিজ্ঞাসা করা হয় , একটি প্রচলিত সংখ্যা মান আছে যা বেশীর ভাগ মুসলিমই উত্তরে বলে ৬৬৬৬ । এটা আসলে কত টুকু সত্য !

Correct Answer :

[Without] Bismillahir Rahmanir Rahim = Total Ayat = 6,236

[With] Bismillahir Rahmanir Rahim Of 113 Sura = Total Ayat

= 6,236 + 113

= 6,349

Check Yourself from your personal Copy Of Qur'an through Sura-Index

এই ৬৬৬৬ সংখ্যা মানটি খ্রিস্টান মিশনারীদের একটি মিথ্যা অপপ্রচার যা কিছু মুসলিম অজ্ঞতা বশত বলে এবং প্রচার করে ।

" It is a lie spread by Christian missionaries that some Muslims repeat and spread in their ignorance. Google and you will be surprised how many English, Arabic, Muslim, and non-Muslim websites repeat this. Moreover, it's a common question featured in Islamic/Quran quizzes for kids! So much for people who rely on the Internet ! "

In Christian theology 666 is the Number of the Beast mentioned in the Book of Revelation (13:18) [sign of the Anti-Christ]. They made up the number to connect the Book of Allah and the Prophet of Islam to the Antichrist!

Damien, the devil's child in 'The Omen,' has 666 inscribed on his head.

In any case, there are many ways to refute them:

(a) The Protestants believe that there are 66 truly "inspired" books in the Bible. If they link 6666 to the Antichrist, then why don't they link their 66 books to the Antichrist too? If they don't mind adding a 6, they shouldn't mind taking off a 6!

(b) The Book of Revelation was rejected by many early Christians like Marcion, Caius of Rome, Dionysius of Alexandria, Cyril of Jerusalem, and the Synod of Laodicea in 360 C.E.

(c) Eastern Church still rejects the Book of Revelation.

(d) Martin Luther is a father of Reformation and Protestant Christianity. Rejecting this book, he writs, "I leave everyone free to hold his own opinions...I miss more than one thing in this book, and it makes me consider it to be neither apostolic nor prophetic."

(e) Old manuscripts of the Book of Revelation don't mention 666, but 616.

(f) Many Christians use 666 for political propaganda. For example, they attributed 666 to Ronald Reagan because his given name, middle name (Wilson), and surname each have six letters, thus 6-6-6, or 666. Earlier they attributed it to Nero and Domitian, two Roman emperors! Some say 666 will be part of Anti-Christ's Social Security number! Yet, others say it will be the bar code or microchip on his body! They are only limited by their imagination!

Anyways, the number of verses in the Quran according to Kufan counting is 6236. The verses are the same, but their counting is slightly different. For example, some count Bismillah in the beginning of every Surah to be the first verse, others don't. Also, a few verses are counted as two by some scholars.



The following are books written by classical Islamic scholars on the count of Quranic verses:

Adad al-Madani al-Awwal by Nafi' bin Abd al-Rahman al-Madani
Adad al-Thani by same author
al-Adad by 'Ata bin Yisar
al-Adad by Hamza al-Ziyyat
al-Adad by Khalf bin Hisham
al-Adad by Muhammad bin Eisa
al-Adad by al-Kisai
al-Adad by 'Aasim al-Juhdari
al-Adad by Khalid bin Ma'daan
Kitab by Abu Ubaid bin Sallam
Adad Aai al-Quran by Abu Hafs al-Tabari
Add Aai al-Quran 'Ala Madhab Ahl al-Basra by Abu al-Abbas al-Kiali
al-Bayan fi Add Aai al-Quran by Uthman bin Saeed
...and others

None of them mentioned the number of verses to be 6666.
And Allah knows best.

Answered by Kamil Mufti.



1

Surah Al-Fatihah (আল্-ফাতিহাহ্)

(The Opening – সূচনা / ভূমিকা / উদঘাটিকা)

সূরা আল্-ফাতিহার বৈশিষ্ট্যঃ (সংক্ষেপিত)

- কুর'আনের একটি বিশেষ গুরুত্বপূর্ণ সূরা, যে সূরা দিয়ে পবিত্র কুর'আনের দ্বার উন্মোচন করা হয়েছে ।
- সর্বশ্রেষ্ঠ ইবাদত 'নামায' সূরা ফাতিহাহ দিয়েই শুরু হয়। দৈনিক প্রতিটি মুসলমান কমপক্ষে ১৭ বার নামাজে এই সূরাটি পাঠ করে ।
- অবতরণের দিক থেকে পূর্ণাঙ্গ সূরা রূপে এ সূরাটিই সর্বপ্রথম একসাথে নাযিল হয় । কিন্তু সূরা ফাতিহাহ এর পূর্বে সূরা ইকরা , মুযাম্মিল ও সূরা মুদ্দাসসিরের কয়েকটি আয়াত অবতীর্ণ হয়েছে । কিন্তু পূর্ণাঙ্গ সূরা রূপে এ সূরাটিই সর্বপ্রথম ।
- এ কারনেই এ সূরাটির নাম রাখা হয়েছে ' ফাতিহাতুল –কিতাব ' অর্থ্যাৎ কুর'আনের উপক্রমণিকা ।
- সূরা ফাতিহাহ যা সমগ্র কুর'আনের সার-সংক্ষেপ অর্থ্যাৎ সমস্ত কুর'আনের সারমর্ম সংক্ষিপ্ত আকারে বলা আছে।

মতবিরোধঃ সূরা আল-ফাতিহার আয়াত সংখ্যা ৭ । ' বিসমিল্লাহির রহমানির রহীম ' নিয়ে মতবিরোধ রয়েছে । কেউ বলছেন এটি সূরা ফাতিহাহ এর অন্তর্ভুক্ত আবার কেউ বলছেন সামগ্রিকভাবে এটি কুর'আন শরীফের এমন একটি আয়াত, যে আয়াতটি দ্বারা প্রতিটি সূরা শুরু হয় । সর্বাধিক গ্রহণযোগ্য এটি সূরা ফাতিহারই একটি অংশ ।

কারণ আল্লাহ্ তা'আলা এরশাদ করেনঃ (সূরা হিজর – 15 : 87)

' আমি আপনাকে সাতটি বার বার পঠিতব্য আয়াত (সাবাআ মাসানী) এবং মহান কুর'আন দিয়েছি। '

তাফসীরে-ই-ইবনে মিরদুওয়াইতে রয়েছে যে, রসূলুল্লাহ (সঃ) বলেছেনঃ الْحَمْدُ للّٰهِ رَبِّ الْعَالَمِينَ এর সাতটি আয়াত আর بِسْمِ اللّٰهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ও ওগুলোর মধ্যে একটি আয়াত। এরই নাম 'সাবাআ' মাসানী' , এটাই কুরআনে আযীম , এটাই উম্মুল কিতাব, এটাই ফাতিহাতুল কিতাব।

বায়হাকীতে রয়েছে যে, হযরত আলী (রাঃ), ইবনে আব্বাস (রাঃ) এবং আবু হুরায়রাহ (রাঃ) 'সাবআ' মাসানীর ব্যাখ্যায় বলেছেনঃ এটি সূরা-ই-ফাতিহাহ এবং بِسْمِ اللّٰهِ الرَّحْمَنِ الرَّحِيمِ -এর সপ্তম আয়াত ।

ইমাম আবু হানিফা (রঃ) বলেনঃ বিসমিল্লাহ সূরা নমল ব্যতীত অন্য কোন সূরার অংশ নয় । তবে এটি এমন একটি সম্পূর্ণ আয়াত যা প্রতিটি সূরার শুরুতে এবং দুটি সূরাকে পার্থক্য নির্দেশ করার জন্য অবতীর্ণ হয়েছে ।

এখান থেকে একটি বিষয় আমরা বুঝতে পারলাম , সূরা ফাতিহার মোট আয়াত সংখ্যা ৭, এ বিষয়ে কারোর কোন দ্বিমত নেই । কিন্তু যারা শেষ ২ আয়াতকে একটি আয়াত হিসাবে নিচ্ছেন, তারা ' বিসমিল্লাহির রহমানীর রহীম ' কে সূরা ফাতিহার একটি আয়াত হিসাবে গণ্য করছেন আবার যারা শেষ আয়াতকে ২টা আয়াত হিসাবে নিচ্ছেন , তারা ' বিসমিল্লাহির রাহমানির রাহীম ' কে সূরা ফাতিহার অংশ হিসাবে না রেখে সূরার শুরুতে রাখছেন।

এখানে একটি কথা উল্লেখ্য , আমরা এখানে আল-কুর'আন এর প্রতিটা আয়াত এর শব্দের অর্থ সম্পর্কে জানার চেষ্টা করছি , সুতরাং আমরা কোন মতবিরোধ এর ভিতরে যাবনা , সূরা ফাতিহার আয়াত ৭ ; আর সেটা ' বিসমিল্লাহির রহমানির রহীম ' আয়াতটিকে সূরার বাইরে রেখে হোক আর ভিতরে রেখে হোক । এগুলি আমরা বিভিন্ন তাফসীরকারীর তাফসীর বিস্তারিত পড়লে বুঝতে পারবো যে কোন মতামত টা কুর'আন এবং সহীহ হাদিস দ্বারা প্রমাণিত অথবা সবচেয়ে কাছাকাছি । তবে এজন্য আমাদের শুধু ১টি তাফসীরের মধ্যে নিজেকে সীমাবদ্ধ রাখলে চলবে না, কমপক্ষে ২/৩ জন বিখ্যাত তাফসীরকারির তাফসীর (উপমহাদেশ এর মধ্যে ও উপমহাদেশের বাইরে) পড়তে হবে (**Book-Reference** গুলো শেষের দিকে দেওয়া হয়েছে) ।
আপতত আমরা প্রতিটি শব্দের অর্থ এবং অন্তর্নিহিত তাৎপর্য, শিক্ষা এগুলো সঠিক ভাবে শিখতে পারছি কিনা এটাই আমাদের লক্ষ্য। তবে এখানে **Strong Opinion** টিকেই আমি রেখেছি অর্থ্যাৎ ' বিসমিল্লাহির রহমানির রহীম ' কে সূরা ফাতিহার প্রথম আয়াত রাখা হয়েছে ।
সূরা ফাতিহাহ একটি ছোট সূরা কিন্তু এত ব্যাপক, সুগভীর অর্থপূর্ণ সূরা , যে সূরার প্রতিটা শব্দের উপর শত শত পাতা লিখলেও শেষ হবেনা । তবে এটা যেহেতু শব্দার্থে কুর'আন সুতরাং আমরা শুধু প্রতিটি শব্দের মূল অন্তর্নিহিত অর্থ / Basic দিক গুলো জানার চেষ্টা করবো ।

The Sura is so rich that

Ali Ibn Abi Talib, Cousin of the Prophet Muhammad (SWS) , said:

"I could fill up to seventy volumes in explanation of Sura Al-Fatiha"

[Ibn Ajiba 629] .

www.easy-quran.net

" Different Names " Of Surah "Al-Fatihah "		
1.	ফাতিহাতুল – কিতাব (The Opening Of Book)	কুর'আনের উপক্রমণিকা / আরম্ভ / ভূমিকা / সূচনা
2.	উম্মুল কিতাব (The Mother Of the Book)	তিরমিযীর একটি বিশুদ্ধ হাদীসে থেকে জানা যায়
3.	উম্মুল কুর'আন (The Mother Of the Qur'an)	
4.	সাব-উল-মাসানী (বার বার পঠিত ৭ আয়াত)	
5.	কুর'আনে আযীম (The Great Qur'an)	
6.	সূরা - ই – সালাত (The Prayer)	
7.	সূরাতুল হামদ / (প্রশংসা)	
8.	সূরাতুশ শিফা / The Healing - (নিরাময়কারী)	কুরতুবী
9.	সূরাতুর-রকিয়্যাহ (The Cure) / (পড়ে ফুঁ দেয়ার সূরা / বিষ ক্রিয়ায় আরোগ্য দানকারী)	আবু সাঈদ (রঃ) হতে বর্ণিত একটি হাদীসে।
10.	আসাসুল কুর'আন / (The Foundation - মূল-ভিত্তি)	হযরত ইবনে আব্বাস (রঃ) বলতেন
11.	অ'ফিয়াহ (The Complete / fulfilment)	সুফ্ইয়ান বিন উয়াইনাহ (রঃ) বলতেন
12.	কাফিয়াহ (The Sufficient)	ইয়াহ্ইয়া বিন কাসির (রঃ) বলতেন এর নাম কাফিয়াও বটে ।

www.easy-quran.net

أَعُوذُ	بِاللَّهِ	مِنَ	الشَّيْطَانِ	الرَّجِيمِ
আমি আশ্রয় চাইছি	আল্লাহ্‌র নিকট / কাছে	থেকে	শয়তান	বিতাড়িত , অভিশপ্ত

আল্লাহর কাছে আমি আশ্রয় চাইছি বিতাড়িত শয়তান / শয়তানের [প্ররোচনা] থেকে

www.easy-quran.net

1

Sura (সূরা)	Al - Fatihah (আল্-ফাতিহাহ্)
# Sura (সূরা নং)	1
Descent (অবতীর্ণ)	Makki
# Ayat / verses No. (আয়াত সংখ্যা)	1 - 7
# Word No. (শব্দ সংখ্যা)	29 (With Repeated Words) 25 (Without Repeated Words)
# Juz (পারা নং)	1
# Ruku (রুকু)	1

1 : 1/7

1 / 6236

بِسْمِ ٱللَّهِ ٱلرَّحْمَٰنِ ٱلرَّحِيمِ

N P | PN | ADJ | ADJ

Audio

Bismi ALLahi Alr-Rahmāni Alr-Raheemi

রহমান রহীম আল্লাহ তা'আলার নামে -

In the name of Allah, Most Gracious, Most Merciful.

Al , i etc Grey color (ধূসর / ছাই রং) = স্থান গুলোতে উচ্চারিত হবে না / No Pronounce (Silent)

Word No.

1 / 1	بِ سْمِ	– In (the) name – (নাম নিয়ে / নামে)
2 / 2	بِ سْمِ اللَّهِ	– In (the) name (of) Allah – (আল্লাহর নাম নিয়ে)
3 / 3	الرَّحْمَـٰنِ	– the Most Gracious, – (পরম দয়ালু / অতীব মেহেরবান)
4 / 4	الرَّحِيمِ	– the Most Merciful – (অতি / অতিশয় করুণাময়)

Yellow digit = denotes = Total No. Of Word in One Sura
White digit = denotes = Total No. of Word from Sura (1 to 114)

Surah Al Fatihah

1 : 2/7

2 / 6236

ٱلْحَمْدُ لِلَّهِ رَبِّ ٱلْعَٰلَمِينَ

N PN P N N

Audio

[ ] Red-Color ব্রাকেট দেখলে আমরা বুঝবো শব্দগুলো ভাবার্থে আছে, শব্দার্থে নাই।

'Al-Hamdu Lillahi Rabbi Al-'Ālameena

যাবতীয় প্রশংসা আল্লাহর জন্য , [যিনি] সমুদয় সৃষ্টি জগতের পালনকর্তা।

All the praises and thanks be to Allah, the Lord of the 'Alamin.

Word No.

5 / 5 ➤ ٱلْحَمْدُ – All (praises and thanks) – (যাবতীয় / সকল প্রকার প্রশংসা ও ধন্যবাদ)

6 / 6 ➤ لِلَّهِ = (لِ + اللَّهِ) = (be) to Allah – (আল্লাহর জন্য)

7 / 7 ➤ رَبِّ – the Lord – (পালনকর্তা , প্রভু)

8 / 8 ➤ ٱلْعَٰلَمِينَ – of the universe – (সমগ্র সৃষ্টি জগতের , সমগ্র বিশ্ব-জাহানের , পৃথিবী সমূহের)

عَالَم – ('Alam) – Singular – একবচন – পৃথিবী, বিশ্ব-চরাচর

1 : 3/7

3 / 6236

ٱلرَّحِيمِ
ADJ

ٱلرَّحۡمَٰنِ
ADJ

Audio



Alr-Rahmāni Alr-Raheemi

[যিনি] পরম দয়ালু, অতিশয় করুণাময় ।

Most Gracious, Most Merciful.

Word No.

9 / 9 ➤ الرَّحْمـٰنِ – The Most Gracious – (পরম দয়ালু / অতীব মেহেরবান)

10 / 10 ➤ الرَّحِيمِ – the Most Merciful – (অতিশয় করুণাময়)

এ ২টি শব্দই 'রহমত' থেকে নেয়া হয়েছে । অর্থের দিক থেকে ২টি মুবালাগা / আধিক্য রয়েছে । তবে রহীমের চেয়ে রহমানের বেশী । রহমান বা দয়া যা সমগ্র জাহানে সৃষ্টি হয়েছে এবং ভবিষ্যতে ও যা সৃষ্টি হবে , সে সকলের জন্য সমভাবে প্রযোজ্য। এবং রহমান শব্দ আল্লাহ্‌র 'যাতের' জন্য নির্দিষ্ট , কোন সৃষ্টিকে 'রহমান 'বলা চলে না । আবূ ইবনে ফারসী বলেন যে, 'রহমান' সর্ব প্রকার দয়াকে অন্তর্ভুক্ত করে এবং যা শুধু আল্লাহ্‌র সঙ্গে সম্পর্কযুক্ত থাকে আর রহীমের সম্পর্ক শুধু মুমিনদের সাথে। কারন আল্লাহ্ পাক বলেনঃ ' তিনি মুমিনদের প্রতি দয়ালু।' আল্লামা ইবনে জারীরের মতে এবং পূর্ববর্তী যুগের সালফে সালেহীন বা আলেমের তাফসীর হতে জানা যায় , রহমান অর্থ হল দুনিয়া ও আখিরাতের দয়া প্রদর্শনকারী এবং রহীম শুধু আখিরাতের রহমকারী ।

1 : 4/7

مَٰلِكِ يَوۡمِ ٱلدِّينِ

N N N

Audio

Māliki Yawmi Ald-Deeni

[যিনি] বিচার দিনের মালিক ।

Master of the Day of Judgment.

Word No.		
11 / 11	➤	مَـالِكِ – (The) Master – (মালিক)
12 / 12	➤	يَوْمِ – (of the) Day – দিনে (র)
13 / 13	➤	يَوْمِ الدِّينِ – (the) Day Of Judgment – (বিচার / প্রতিফল দিনের)

1 : 5/7

إِيَّاكَ	نَعْبُدُ	وَإِيَّاكَ	نَسْتَعِينُ
PRON	V	CONJ PRON	V

Audio

'Iyyāka Na‘- budu Wa 'Iyyāka Nasta-‘eenu

আমরা একমাত্র তোমারই ইবাদত করি এবং শুধুমাত্র তোমারই সাহায্য প্রার্থনা করি।

You [Alone] we worship, and You [Alone] we ask for help.

Word No.

14 / 14 ➤ إِيَّا كَ – You Alone – (একমাত্র তোমারই)

15 / 15 ➤ نَعْبُدُ – we worship,– (আমরা ইবাদত করি)

16 / 16 ➤ وإِيَّاكَ – and You Alone – (এবং শুধুমাত্র তোমারই)

17 / 17 ➤ نَسْتَعِينُ – we ask for help. – (আমরা সাহায্য চাই / প্রার্থনা করি)

পাশাপাশি Word এর সাথে Color Match করে (Arabic – English – Bangla)
প্রতিটা শব্দের ভিতরে Root word / Pronoun / Singular / Plural /
Conjunction / Preposition ইত্যাদি identify করে মিলিয়ে পড়ুন ।

ٱهۡدِنَا ٱلصِّرَٰطَ ٱلۡمُسۡتَقِيمَ

PRON V N ADJ

Audio

'Ihdinā Als-Sirāta Al-Mustaqeema

আমাদেরকে সরল-সঠিক পথ প্রদর্শন কর ,

Guide us to the straight path,


Word No.

18 / 18 ➤ اهدِنَـــا – Guide us – (আমাদেরকে প্রদর্শন কর)

19 / 19 ➤ الصِّرَاطَ – (to) the path / way – (পথ)

20 / 20 ➤ ال مُستَقِيمَ – the straight – (সরল , সঠিক , সোজা)

1 : 7/7



Audio

‘Sirāta Al-Lazeena 'An-‘amta ‘Alay-him
Gayri Al-magdoubi ‘alayhim wa lad -dâlleena

তাঁদের পথ - যাদের প্রতি তুমি নেয়ামত দান করেছো
তাদের ব্যতীত - যাদের প্রতি গযব এসেছে, এবং তাদের ও নয় যারা পথভ্রষ্ট।

The path of those upon whom You have bestowed favor,
not of those who have evoked [Your] anger or of those who are astray.

Word No.

21 / 21 ➤ صِرَاطَ – (The) path – [(তাঁদের) পথ]

22 / 22 ➤ الَّذِينَ – (of) those – (যাঁদেরকে)

23 / 23 ➤ أَنعَمتَ – You have bestowed (Your) Favors
– (তুমি নেয়ামত / অনুগ্রহ দান করেছো / পুরস্কৃত করেছো)

24 / 24 ➤ عَلَيهِمْ – on them, – (তাঁদের উপর / প্রতি)

25 / 25 ➤ غَيرِ – not (of) – (ব্যতীত , ছাড়া , বাদে)

26 / 26 ➤ المَغضُوبِ – those who earned (Your) Anger
– (যাদের উপর গযব পড়েছে / যারা ক্রোধ অর্জন করেছে)

27 / 27 ➤ المَغضُوبِ عَلَيهِمْ – those who earned (Your) Anger on themselves
– (যাদের উপর / প্রতি গযব পড়েছে / যারা ক্রোধ অর্জন করেছে তাদের নিজেদের প্রতি)

28 / 28 ➤ وَلَا – and not – (এবং না , নহে)

29 / 29 ➤ الضَّالِّينَ – (of) those who go astray.
– (যারা পথভ্রষ্ট, গোমরাহ হয়েছে)

Book Reference

For Translation (অনুবাদ)

*** " Bengali – Translation " by :

[Mareful Quran / Ibn Kathir / Yusuf Ali / Tafhimul Quran / Fee Zilzal Quran / Dr. Zohurul Hoque]

এই অনুবাদ গুলোর সমন্বয়ে কুর'আনের প্রতিটা আরবি শব্দের অর্থকে ঠিক রেখে বাংলা অনুবাদ করা হয়েছে যাতে কোন শব্দের অর্থ বাদ না পড়ে , এবং যেটা সবচেয়ে সহজবোধ্য । তবে যেসব ক্ষেত্রে কুর'আনের শাব্দিক অর্থ সম্পূর্ণরূপে অনুবাদগুলিতে আছে সেটা নেওয়া হয়েছে । কারণ বিখ্যাত যেসব অনুবাদক অনুবাদ করেছেন সেখানে কিছু শব্দের অর্থ আছে যেগুলি অনুবাদকরা উহ্য / Silent রেখে ভাবার্থের মাধ্যমে প্রকাশ করেছেন বাক্যের পূর্ণতা রক্ষার্থে আবার অনেক নতুন শব্দ ব্যবহার করেছেন মানুষের সহজার্থে যা কুর'আনে সরাসরি বলা নেই কিন্তু ভাবার্থে আছে । যে কারণে শব্দের অর্থ খুঁজতে গেলে আমরা পাইনা , কিছু হয়তো মিলানো যায় তবে বেশীর ভাগি ভাবার্থের মধ্যে লুকানো থাকে । যেহেতু এটা শব্দার্থে কুর'আন সুতরাং কোন শব্দকে বাদ না রাখার চেষ্টা করা হয়েছে এবং যেসব ক্ষেত্রে ভাবার্থের কোন শব্দ অর্থ্যাৎ যা কুর'আনে সরাসরি বলা নেই কিন্তু ভাবার্থে আছে সেগুলিকে ব্রাকেট [ ] এর মধ্যে রাখা হয়েছে । যাতে আমরা সহজে প্রতিটা শব্দের অর্থ কে মিলিয়ে পড়তে পারি এবং নিশ্চিত হতে পারি প্রতিটা শব্দের অর্থ। কারণ আমরা শব্দের অর্থ না জানার কারণে অনেকেই আছি কোন অনুবাদকের অনুবাদ পড়লে মনে করি এখানে যা আছে সবটুকুই আল্লাহ্ বলেছেন সরাসরি কুর'আনে। কিন্তু প্রকৃতপক্ষে সেটা না, এজন্য ব্রাকেট দেখলেই আমরা বুঝতে পারব এটা সরাসরি আল্লাহ্ বলেননি কিন্তু ভাবার্থে আছে । আল্লাহর বাণী আর মানুষের চিন্তা থেকে আসা ভাবার্থ যেন আমরা মিশিয়ে না ফেলি এটা আমাদের লক্ষ্য রাখতে হবে ।

*** " English - Translation " by :

[Sahih International / Yusuf Ali / Pickthell / Shakir / Mohammad sarwar
Mohsin Khan / Arberry]

এই অনুবাদ গুলোর সমন্বয়ে সহজবোধ্য একটি ইংরেজি অনুবাদ করা হয়েছে ।

Book Reference

For Word Meaning (শব্দার্থ)

*** Bengali Tafsir

তাফসিরে মা'আরেফুল কুর'আন [হজরত মওলানা মুফতি মুহাম্মাদ শফি' (রহঃ)] অনুবাদ : মওলানা মুহিউদ্দিন খান
তাফসিরে ইবনে কাসীর [হাফেজ ইমামুদ্দিন ইবনে কাসীর (রহঃ)] অনুবাদ : ডঃ মুহাম্মাদ মুজিবুর রহমান]
ফী - যিলাযিল কুর'আন – সাইয়েদ কুতুব শহীদ (রহঃ)
তাফহীমুল কুর'আন – সাইয়েদ আবুল আ'লা মওদুদী (রহঃ)

*** English Tafsir :

www.quran4u.com [By Ibn Kathir]

*** Advanced English Tafsir [Language Research type]

www.linguisticmiracle.com [By Nouman Ali Khan – DREAM Tafseer]
http://corpus.quran.com/ [Arabic Quran language Research Group from University Of Leeds]

*** Dictionary : (Arabic to English)

1) LEXICON By Edward William Lane 2) Classic Arabic dictionary By Abdul Mannan Omar 3) By Abdul Karim Parekh

*** Word for Word Quran (Arabic to English)

1) Dr. Shehnaz shaikh / Mr. kausar khatri 2) Mohammad Mohar Ali 3) Sheikh Abdul Karim Parekh

*** Font Collection : http://corpus.quran.com/

.....And more other websites.....

A
Non-Profit
(Individual)

EASY
Al-Qur'an
Project

Project Status :
(Ongoing)

Start Date :
2011

Will be continued
Until Finish
Insha ALLAH

.....If u find any un-intentional Mistake ,
please let me know sothat can correct immediately.....

Feel free to contact
via
www.easy-quran.net

May Allah accept all our deeds & make more easier to understand Quran.....

.....Ameen .....

By
Engr. Md. Ariful Islam
(Civil Engineer – B.Sc.)
[CUET]
Non- Resident - Bangladeshi – United Arab Emirates

Warning !!

Always check your Last Up-dated date, otherwise again download that Sura to get More details / Corrected information

আপনার Last Download এর Date টি সর্বদা check করুন , যাতে কোন সংশোধন / নতুন কোন তথ্য যোগ হলে সূরাটি আবার Download করতে পারেন ।

Last Updated :
11 / 02 / 2013